# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৫/২০১৮ 					তারিখ ঃ ২১-০১-২০১৮ইং

বিষয় ঃ পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত নীতিমালা।

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০,০০০ কোটি টাকা ঘোষণা করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে বিদ্যমান খাতগুলো ছাড়াও নতুন খাত সৃষ্টি করে ঋণের ক্ষেত্রকে আরও বিস্তৃত করতে হবে। অন্যান্য বানিজ্যিক ব্যাংকগুলোর আদলে বিকেবিকেও এ বিষয়ে নতুন ঋণ খাত তৈরীর মাধ্যমে ব্যাংককে লাভজনক পর্যায়ে নিয়ে যেতে হবে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিকেবি'র যে সকল শাখার মাধ্যমে ঋণ বিতরণ করা হয়ে থাকে তাদেরকে তাদের চাকুরীর নিরাপত্তার বিপরীতে অনুর্দ্ধ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ঋণ প্রদান করে আসছে। এক্ষেত্রে ঋণ আদায়ের হার সন্তোষজনক। কোন ঋণ শ্রেণীকৃত নাই। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছাড়াও অন্যান্য আরও কিছু সরকারী প্রতিষ্ঠান রয়েছে যে সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন কৃষি ব্যাংকের বিভিন্ন শাখা থেকে দেয়া হয়। প্রাথমিকভাবে ঐ সকল কর্মকর্তা/কর্মচারীদের টার্গেট গ্রুপ করে উক্ত নতুন ঋণের সূচনা করা হলো। পরবর্তীতে সকল সরকারী, আধাসরকারী প্রতিষ্ঠান, ব্যাংক, স্কুল ও কলেজে কর্মরত চাকুরীজীবীদেরকে এই ঋণের আওতায় এনে ঋণের প্রবাহ বৃদ্ধি করা হবে। ফলে একইসাথে বিকেবি'র আয় বৃদ্ধি পাবে এবং অন্যদিকে মধ্যবিত্ত চাকুরীজীবীদের দৈনন্দিন প্রয়োজন মেটাতে এই ঋণ তাদের অনেক উপকারে আসবে। সর্বোপরি আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ঘটাতে সহায়ক হবে। পরিচালনা পর্ষদের ৩০-১১-২০১৭ তারিখের ৬৯৭তম সভায় অনুমোদন করার প্রেক্ষিতে বেতন প্রদানকারী বিকেবি'র শাখাসমূহের জন্য পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) এর জন্য নিম্নরূপ নীতিমালা জারী করা হলো- যা অবিলম্বে কার্যকর হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | ঋণের নাম | ঃ | পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম স্কীম) |
| ০২ | ঋণের উদ্দেশ্য | ঃ | Personal Loan ঋণ প্রকল্পটি সীমিত আয়ের চাকুরীজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে তাঁদের সাময়িক আর্থিক সংকট নিরসন করা ও দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখা। |
| ০৩ | ঋণ প্রাপ্তির যোগ্যতা | ঃ | ক। নিম্নেবর্ণিত প্রতিষ্ঠানসমূহে স্থায়ী চাকুরীতে কর্মরত যাদের চাকুরীকাল ন্যুনতম ২বছর সম্পন্ন হয়েছে এবং বয়সসীমা ৫৭ বছর অতিক্রম হয়নি তাঁরা এ প্রকল্পের আওতায় ঋণ সুবিধাগ্রহণের আবেদন করতে পারবেন ঃ<br>(১) সরকারী প্রতিষ্ঠান ।<br>(২) আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান।<br>(৩) সরকারী, এমপিওভূক্ত স্কুল ও কলেজ।<br>(৪) কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিচারাধীন কোন মামলা কিংবা নিস্পন্নাধীন কোন বিভাগীয় মামলা/ব্যাখ্যা তলব/অন্য কোন প্রশাসনিক কার্যক্রম বিদ্যমান থাকা অবস্থায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেনা।<br>খ। ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি কৃষি ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় জমা হলেই শুধু উল্লেখিত ঋণের জন্য আবেদন করা যাবে। অন্য কোন শাখা হতে নয়। |
| ০৪ | ঋণ সীমা | ঃ | সর্বোচ্চ ঋণ সীমা ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। |
| ০৫ | ঋণের প্রকৃতি | ঃ | (ক) বেতনের বিপরীতে অগ্রিম (Personal Loan) ।<br>(খ) সুদের হার ঃ ১২% (পরিবর্তনযোগ্য)।<br>(গ) জামানত ঃ ঋণ গ্রহীতার ব্যক্তিগত জামিননামা (সংযুক্তি ' ঞ ' অনুযায়ী) এবং নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা (সংযুক্তি- "গ" এবং 'ঘ' অনুযায়ী)।<br>(ঘ) প্রসেসিং ফি ঃ ৫০০/- টাকা আদায় করে শাখার আয় খাতে স্থানান্তর করতে হবে। |

(পরবর্তী পাতা নং-২)

**০৬ ঋণ আবেদন পদ্ধতি ঃ**

(ক) নির্ধারিত ঋণ আবেদন ফরমে আবেদন করতে হবে (সংযুক্তি 'ক' অনুযায়ী)।
(খ) ঋণ আবেদনকারীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(গ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনাপত্তি পত্র (সংযুক্তি-'খ' অনুযায়ী)।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
(ঙ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হতে কারণ দর্শানো, অভিযোগ, শৃঙ্খলাজনিত মামলা প্রক্রিয়াধীন নেই মর্মে অনাপত্তি পত্র গ্রহণ করতে হবে (সংযুক্তি-'জ' অনুযায়ী)।
(চ) ঋণ প্রদানের সুপারিশসহ বেতন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট থেকে তার বেতন ভাতার সনদপত্র/ঋণ গ্রহণের অনাপত্তি পত্র দাখিল করতে হবে। (চাকুরীর মেয়াদকাল, বৈতনিক আয়, ঋণ গ্রহণের অনাপত্তি ইত্যাদি উল্লেখসহ) (সংযুক্তি 'ঝ' অনুযায়ী)।
(ছ) বেতন প্রদানকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ঋণ কিস্তি খেলাপ করলে গ্রাহকের বেতন হতে কিস্তি কর্তন নিশ্চিতকরণসহ চাকুরী হতে অবসরজনিত প্রাপ্য সুবিধাদী থেকে ঋণ আদায়ের নিশ্চয়তাপত্র নিতে হবে (সংযুক্তি-'চ' অনুযায়ী)।
(জ) আবেদনকারীর বেতন ও ভাতাদির বিবরণ (বেতন প্রদনকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত) এবং অন্যান্য ঋণের কিস্তির পরিমান (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।

**০৭ ঋণের মেয়াদকাল ঃ**

সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) মাস বা চাকুরীর মেয়াদকাল পর্যন্ত ।

**০৮ ঋণ বিতরণের খাত ঃ**

| ক্রঃ নং | হিসাব উপ-খাতের শিরোনাম | হিসাব উপ-খাত |
|---|---|---|
| ০১) | পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম (মধ্যমেয়াদী ঋণ) | ১০২/৩১ |
| ০২) | পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম (মেয়াদোত্তীর্ণ ঋণ) | ১০৮/৩১ |

**০৯ জামিনদাতা ঃ**

১) ঋণ গ্রহীতার পিতা/মাতা/স্ত্রী/স্বামী/পোষ্য কর্তৃক অথবা একজন স্বচ্ছল ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত জামিননামা গ্রহণ করতে হবে।
২) কোন কারণে ঋণ গ্রহিতা ঋণের কিস্তি পরিশোধে ব্যর্থ হলে জামিনদাতার কাছ থেকে উক্ত কিস্তি আদায় করতে হবে।

**১০ পরিশোধ পদ্ধতি ঃ**

ক) ঋণের মেয়াদকালের মধ্যে সম-মাসিক কিস্তিতে বেতন হতে পরিশোধ নিশ্চিত করতে হবে।

খ) ঋণ গ্রহীতা যদি চাকুরী থেকে বরখাস্ত হন, কোন কারণে বেতন ভাতা স্থগিত থাকে তবে নিজস্ব উৎস থেকে মাসিক কিস্তি অবশ্যই পরিশোধ করতে হবে।

(গ) ঋণ গ্রহীতার মৃত্যুজনিত কারণে ঋণ অনাদায়ী থাকলে তাৎক্ষণিকভাবে ঋণ গ্রহীতার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং ঋণ আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ঘ) পরিশোধ পদ্ধতি ও কিস্তির পরিমান ঃ পার্সোনাল লোন অংকের উপর ১২% এমোর্টাইজেশন (Amortization) পদ্ধতিতে মাসিক কিস্তি নির্দ্ধারিত হবে এবং নিয়মিতভাবে ঋণ পরিশোধে ব্যর্থ হলে চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করতে হবে।

| ক্রঃ নং | ঋণের পরিমান | ১ বছরে পরিশোধের ক্ষেত্রে মাসিক কিস্তি | ২ বছরে পরিশোধের ক্ষেত্রে মাসিক কিস্তি | ৩ বছরে পরিশোধের ক্ষেত্রে মাসিক কিস্তি |
|---|---|---|---|---|
| ০১ | ১,০০,০০০/- | ৮,৮৮৫/- | ৪,৭০৮/- | ৩,৩২২/- |
| ০২ | ২,০০,০০০/- | ১৭,৭৭০/- | ৯,৪১৫/- | ৬,৬৪৩/- |
| ০৩ | ৩,০০,০০০/- | ২৬,৬৫৫/- | ১৪,১২২/- | ৯,৯৬৫/- |

(ঙ) প্রতিটি কিস্তির সমসংখ্যক চেক গ্রহণ করতে হবে।

**১১ ঋণ মঞ্জুরীর ক্ষমতা ঃ**

(১) বেতন প্রদানকারী শাখা ব্যবস্থাপক ঋণ মঞ্জুর করবেন।

**১২ বিতরণ পদ্ধতি ঃ**

মঞ্জুরীকৃত ঋণের টাকা সরাসরি ঋণ গ্রহীতার সঞ্চয়ী/চলতি হিসাবের মাধ্যমে বিতরণ করতে হবে। কোন অবস্থাতেই নগদ অর্থ দেয়া যাবে না।

**১৩ ঋণের বিপরীতে গৃহীত দলিলাদি ঃ**

(১) ডিপিনোট
(২) ঋণের কিস্তির সমসংখ্যক (৩৬(ছত্রিশ) টি সম অংকের অগ্রিম তারিখযুক্ত চেক গ্রহণ করতে হবে।
(৩) ঋণ গ্রহীতার অঙ্গীকারনামা (সংযুক্তি-'ছ' অনুযায়ী)।
(৪) স্বামীর ক্ষেত্রে স্ত্রী এবং স্ত্রীর ক্ষেত্রে স্বামীর (Spouse guarantee) (সংযুক্তি-'গ' অনুযায়ী)
(৫) নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা (Spouse guarantee এর অনুপস্থিতিতে) (সংযুক্তি-'ঘ' অনুযায়ী)।
(৬) ব্যাংকের নির্ধারিত ফরমে মাসিক কিস্তি পরিশোধের অঙ্গিকারনামা (সংযুক্তি-'ঙ' অনুযায়ী)
(৭) কিস্তি কর্তনের নিশ্চয়তা পত্র (কর্তপক্ষ কর্তৃক) সংযুক্তি- 'চ' অনুযায়ী।

(পরবর্তী পাতা নং-৩)

| | | | |
|---|---|---|---|
| ১৪ | বিশেষ শর্তাবলী | | (ক) গ্রাহক তার কর্মক্ষেত্র বা বাসস্থান পরিবর্তন করার সাথে সাথে নতুন কর্মস্থল বা বাসস্থানের ঠিকানা শাখাকে অবহিত করতে বাধ্য থাকবেন।<br>(খ) ঋণ গ্রহীতা কর্তৃক গৃহীত অন্যান্য ঋণ অগ্রিমের বিবরণী ঋণ মঞ্জুরীকারী শাখায় দাখিল করতে হবে।<br>(গ) ঋণ প্রদানের পূর্বে বিধি মোতাবেক হালনাগাদ সিআইবি প্রতিবেদন অবশ্যই নিতে হবে এবং তা সন্তোষজনক হতে হবে।<br>(ঘ) সংশ্লিষ্ট গ্রাহকের প্রাপ্ত বেতনের সক্ষমতা বিবেচনা করে ঋণ মঞ্জুরীর পরিমান নির্ধারণ করতে হবে। এবং চাকুরীর মেয়াদকালের মধ্যে সমুদয় ঋণ সুদসহ আদায় নিশ্চিতের জন্য তার চাকুরীর মেয়াদকালের মধ্যে মাসিক কিস্তির সংখ্যা পরিমান ও ঋণের লিমিট নির্ধারণ করতে হবে। (যদি চাকুরীর মেয়াদ ৩(তিন) বছরের কম থাকে)।<br>(ঙ) পার্সোনাল ঋণ গ্রহীতাদের ঋণ গ্রহণের বিষয়ে তাদের নিজ নিজ কর্ম প্রতিষ্ঠানকে অবহিত করতে হবে (মঞ্জুরীপত্রের কপি প্রেরণ করতে হবে)।<br>(চ) বেতন ভাতা বিতরণের পূর্বে ঋণ বিতরণ করা হলে ঐ মাসের কিস্তি আদায় করা হবে।<br>(ছ) ঋণ আবেদনকারীর বেতন থেকে অন্যান্য ঋণের মাসিক কিস্তি কর্তন ও আলোচ্য ঋণের কিস্তি আদায়ের পর এক তৃতীয়াংশ টেক হোম পে থাকতে হবে। ব্যাংক প্রয়োজনে ঋণ গ্রহীতার পেনশন/গ্র্যাচুয়িটি, ছুটি বিক্রয় হতে যে কোন ঋণের সমুদয় অর্থ আদায় করতে পারবে মর্মে ঋণ গ্রহীতার নিকট হতে ব্যাংকের অনুকূলে প্রাধিকার পত্র নিতে হবে।<br>(জ) কোন কর্মকর্তা/কর্মচারী পার্সোনাল লোন ঋণ দান কর্মসূচীর কোন সুবিধা ভোগ করলে এবং তিনি অবসরে গেলে প্রাপ্ত অবসরজনিত সুবিধা থেকে ঋণের সমুদয় পাওনা সুদসহ আদায় নিশ্চিত করতে হবে।<br>(ঝ) সঠিক ঋণ গ্রহীতা নির্বাচন, দলিলাদি সম্পাদন এবং সময়মত কিস্তি আদায়ের জন্য শাখা ব্যবস্থাপক/শাখার সংশ্লিষ্ট ঋণ কর্মকর্তাগণ প্রাথমিকভাবে দায়ী থাকবেন।<br>(ঞ) গ্রাহকওয়ারী ঋণের হালনাগাদ তথ্যাবলী শাখায় রক্ষনাবেক্ষণ করতে হবে এবং প্রধান কার্যালয়ের চাহিদা অনুযায়ী সরবরাহ করতে হবে। |
| ১৫ | ঋণ আদায় ও মনিটরিং | ঃ | বেতন প্রদানকালে প্রয়োজনীয় টাকার চেক/নগদ আদায় করতে হবে। ঋণ গ্রহীতা যথাসময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে শাখা ব্যবস্থাপক ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক ঋণ আদায়ের আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা তাদের পরিদর্শন রিপোর্টে ঋণ আদায়ের অবস্থা উল্লেখ করবেন। |
| ১৬ | রিপোর্টিং | ঃ | মঞ্জুরীপত্রের কপি এক স্তর উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। এখাতে বিতরণকৃত ঋণের মাসিক বিবরণী (সংযুক্তি-'ঠ' অনুযায়ী) পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ, এলপিও এবং কর্পোরেট শাখাসমূহকে প্রধান কার্যালয়ের রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং শাখাসমূহ গ্রাহকওয়ারী তথ্য সংগ্রহ করবে (সংযুক্তি-ট)। |
| ১৭ | বিশেষ সতর্কতা | ঃ | এ ঋণ কোন অবস্থাতেই মেয়াদোত্তীর্ণ/শ্রেণীকৃত হতে দেয়া যাবে না। |

সংযুক্তি-

(১) পার্সোনাল লোনের আবেদন ও মঞ্জুরীপত্র ১ হতে ৩ পৃষ্ঠা (সংযুক্তি-'ক')।
(২) বাংলাদেশ কৃষি ব্যাংক হতে পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) ঋণ গ্রহণ করিবার জন্য অনাপত্তি পত্র (সংযুক্তি-'ঋ')।
(৩) Spouse guarntee (সংযুক্তি-'গ')।
(৪) নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা (সংযুক্তি-'ঘ')।
(৫) ক্ষমতা অর্পন পত্র(সংযুক্তি-'ঙ')।
(৬) কিস্তি কর্তনের নিশ্চয়তা পত্র (নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক) (সংযুক্তি 'চ')।
(৭) ঋণ গ্রহীতার অঙ্গীকারনামা (সংযুক্তি-ছ)।
(৮) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হতে কারণ দর্শানো, অভিযোগ, শৃঙ্খলাজনিত মামলা প্রক্রিয়াধীন নেই মর্মে অনাপত্তি পত্র। (সংযুক্তি-''জ')।
(৯) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (সংযুক্তি-'খ')
(১০) ঋণ গ্রহীতার ব্যক্তিগত জামিননামা ১ হতে ৩ পৃষ্ঠা (সংযুক্তি-'ঞ')
(১১) পার্সোনাল লোনের মাসিক বিবরণী (সংযুক্তি-'ঠ')।
(১২) Personal Loan (বেতনের বিপরীতে অগ্রিম) বিতরণকৃত ঋণের তালিকা(সংযুক্তি-'ট')।

২০/০১/২০১৬

(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৮৪১০

(পরবর্তী পাতা নং-৪)

প্রকা/রুমাবি-৩২৭/২০১৭-২০১৮/ ২১৮ (১২৫০)  তারিখ ঃ ২১-০১-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিপত্রটি প্রেরণ করা হলোঃ

০১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অধ্যক্ষ (টি,আই)/স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমুহ।
০৫) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উক্ত পরিপত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপ-লোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমুহ।
০৮) সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমুহ।
০৯) সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, কর্পোরেট শাখাসমুহ।
১০) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমুহ।
১১) সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
১২) নথি/ মহানথি।

২১/০১/২০১৮

(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-৯৫৫১৬৩০

সংযুক্তি-'ক'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
........................ শাখা
জেলা..................

দরখাস্ত গ্রহণের তারিখ ঃ

বিষয় ঃ Personal Loan এর জন্য আবেদনপত্র।

আমি বাংলাদেশ কৃষি ব্যাংক হতে Personal Loan প্রকল্পের আওতায় .......................... টাকা ঋণ গ্রহণের উদ্দেশ্যে নিম্নলিখিত তথ্যাবলী প্রদান করছি ঃ

০১ নাম ঃ
০২ স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ
০৩ পিতার নাম ঃ
০৪ মাতার নাম ঃ
০৫ পেশা ঃ
০৬ জন্ম তারিখ
০৭ বর্তমান পদবী ঃ
০৮ চাকুরীতে যোগদানের তারিখ ঃ
০৯ পিআরএল/অবসর গ্রহণের তারিখ ঃ
১০ ঋণ গ্রহীতার সঞ্চয়ী/চলতি হিসাব নম্বর ঃ
১১ জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ
১২ মোবাইল নম্বর
১৩ ঋণের উদ্দেশ্য
১৪ আবেদনকৃত ঋণের পরিমান ঃ
১৫ বেতন সম্পর্কিত তথ্যাদি (চাকুরীজীবিদের ক্ষেত্রে)

| | | | |
|---|---|---|---|
| বেতন স্কেল | ঃ | মোট বেতন | ঃ |
| মূল বেতন | ঃ | কর্তন | ঃ |
| বাড়ী ভাড়া ভাতা/সিলিং | ঃ | নীট বেতন/টেকহোম পে | ঃ |

১৬ হালনাগাদ বেতন সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
১৭ ঠিকানা ঃ
১৭.১ কর্মস্থল ঃ
১৭.২ আবাসিক ঃ
১৭.৩ স্থায়ী ঃ
১৭.৪ মোবাইল নং অফিস/বাসা ঃ

(পরবর্তী পাতা নং-২)

১৮. অন্যান্য ঋণ (যদি থাকে)

| ক্রঃ নং | ঋণের প্রকৃতি | মঞ্জুরীপত্র নম্বর ও তারিখ | টাকার পরিমান | মাসিক কিস্তি | অনাদায়ী কিস্তির পরিমান | বর্তমান দায়স্থিতি |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কর্মচারী (ভবিষ্য) ঋণ | | | | | |
| ০২ | কর্মচারী গৃহ নির্মাণ ঋণ | | | | | |
| ০৩ | সাধারণ গৃহ নির্মাণ ঋণ | | | | | |
| ০৪ | কম্পিউটার ঋণ | | | | | |
| ০৫ | মোটরকার ঋণ | | | | | |
| ০৬ | মোটরসাইকেল ঋণ | | | | | |
| ০৭ | সেলাই মেশিন ঋণ | | | | | |
| ০৮ | ভোগ্যপণ্য ঋণ | | | | | |
| ০৯ | অন্যান্য | | | | | |
| | | মোট ঃ | | | | |

(উপরোক্ত তথ্যাবলীর সমর্থনে ঋণ বিতরণকারী হিসাব/পরিচালনাকারী প্রতিষ্ঠানের ঋণের স্থিতি ও বকেয়া কিস্তি সংক্রান্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং কোন প্রকার ঋণ গ্রহণ করে না থাকলে এতদসংক্রান্ত ঘোষণাপত্র প্রদান করতে হবে)

১৯। অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে গৃহীত অপরিশোধিত ঋণের তথ্যাদি (যদি থাকে) ঃ

| প্রতিষ্ঠান/আর্থিক প্রতিষ্ঠানের নাম | গৃহীত ঋণের | | বর্তমান অনাদায়ী | | শ্রেণীকরণের ধরণ |
|---|---|---|---|---|---|
| | ধরণ | টাকার পরিমান | কিস্তি | দায়স্থিতি | |
| | | | | | |

২০। জামিনদাতার সম্মতিপত্র ঃ

আমি নিম্নস্বাক্ষরকারী স্বজ্ঞানে জনাব .....................................কর্তৃক অনুরোধের প্রেক্ষিতে আপনার ব্যাংকের বরাবরে প্রার্থিত .................................. টাকা ঋণের (যদি মঞ্জুর করা হয়) বিপরীতে জামিনদার হতে সম্মত আছি এবং ঋণ গ্রহীতা কর্তৃক সুদসমেত সমুদয় ঋণ পরিশোধ করা না হলে জামিদার হিসাবে উক্ত ঋণের সমুদয় টাকা সুদসমেত ব্যাংক কর্তৃক চাহিবামাত্র পরিশোধ করতে বাধ্য থাকবে। আপনার জ্ঞাতার্থে নিম্নে আমার সংশ্লিষ্ট তথ্যাদি পুরণ করা হলো ঃ

নাম ঃ
পিতা/স্বামীর নাম ঃ
মাতার নাম ঃ
বর্তমান ঠিকানা ঃ
স্থায়ী ঠিকানা ঃ
জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ
ব্যাংক হিসাব নম্বর ও বিবরণ ঃ

জামিনদাতার স্বাক্ষর সত্যায়িত ঃ

জামিনদাতার স্বাক্ষর ঃ

(ক) আবেদনকারী ঃ

শাখায় পরিচালিত হিসাব নং ঃ

(খ) শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ

(পরবর্তী পাতা নং-০৩)

২১। আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরোল্লিখিত তথ্যাবলী সর্বৈব সত্য। আমি আরও অঙ্গীকার করছি যে, প্রস্তাবিত ঋণ মঞ্জুর করা হলে ব্যাংক কর্তৃক আরোপিত শর্ত ও নিয়মাবলী আমি যথাযথভাবে পরিপালন করতে বাধ্য থাকব। এতদসংগে দাখিলকৃত কাগজপত্র পরিবেশিত তথ্যাবলীর ভুলত্রুটি পরিলক্ষিত হলে আমার আবেদনপত্রের প্রার্থিত ঋণ বিবেচনার অযোগ্য হলে আমার কোন ওজর আপত্তি থাকবে না এবং ঋণ প্রস্তাবটি বাতিল বলে গণ্য হবে। আমি আরও অঙ্গীকার করছি যে, যথাসময়ে ঋণের টাকা সুদসমেত পরিশোধ করব। অন্যথায় আমার বিরুদ্ধে ব্যাংক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নাম ও সীলমোহর

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ ঃ

২৩। ব্যাংক কর্মকর্তা/পরিদর্শকের সুপারিশ ঃ

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ

২৪। মঞ্জুরীকারী কর্তৃপক্ষের আদেশ ঃ

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ

সংযুক্তি-'খ'

স্মারক নম্বর ঃ তারিখ ঃ

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
........................... শাখা
............................ অঞ্চল।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক হতে পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) ঋণ গ্রহণ করিবার জন্য অনাপত্তি পত্র।

প্রিয় মহোদয়,

জনাব/বেগম..................................................পিতা/স্বামীর নাম.................................পদবী ...................................কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি নম্বর .....................তিনি .................বৎসর যাবত অত্র প্রতিষ্ঠানে...............................হিসাবে কর্মরত আছেন। উল্লেখিত কর্মকর্তার জন্ম তারিখ ...............................এবং পিআরএল শুরু হওয়ার তারিখ .................................। তাঁর বেতন কাঠামো নিম্নরূপ ঃ

মাসিক বেতন (গ্রস) ঃ

কর্তন ঃ

| | |
|---|---|
| আয়কর | ঃ |
| ভবিষ্য তহবিল | ঃ |
| ঋণের কিস্তি | ঃ |
| অন্যান্য | ঃ |
| মোট কর্তন | ঃ |
| টেকহোম পে | ঃ |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ব্যাংকের স্বাভাবিক নিয়ম ও পদ্ধতি মোতাবেক উপরোল্লিখিত কর্মকর্তাকে ঋণ প্রদান করিলে আমাদের প্রতিষ্ঠানের কোন আপত্তি থাকিবে না। উল্লেখ্য যে, উক্ত কর্মকর্তা/কর্মচারীর কর্মস্থল পরিবর্তন হইলে তাহা তাৎক্ষণাৎ উপরোক্ত শাখাকে অবহিত করা হইবে।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর

নাম, পদবীসহ অফিসিয়াল সীল
অফিসিয়াল ঠিকানা
টেলিফোন নম্বর
তারিখ

# Spouse guarantee

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, আমার স্ত্রী/স্বামী জনাব........................................... পিতা............................................................ মাতা..................................... গ্রাম.................................... উপজেলা............................ জেলা.................................. এর নামে বাংলাদেশ কৃষি ব্যাংক.............................. শাখা হইতে পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম এর আওতায় মঞ্জুরীকৃত টাকা ...................................... যথাযথভাবে ব্যবহৃত হইবে এবং ঋণটি সুদে আসলে যথাসময়ে আদায় নিশ্চিত হইবে।

০২। আমি আরও নিশ্চয়তা প্রদান করিতেছি যে, এই ঋণের সকল নিয়মকানুন যথাযথভাবে মানিয়া চলা হইবে।

০৩। আমি আরও অংগীকার করিতেছি যে, ঋণের টাকা সদ্ব্যবহার না হইলে অথবা যথাসময়ে আদায় নিশ্চিত না হইলে আমি ব্যক্তিগতভাবে ঋণটি সুদাসলে মেয়াদোত্তীর্ণের এক মাসের মধ্যে পরিশোধ করিতে বাধ্য থাকিব। অন্যথায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণটি আদায়ের ব্যাপারে আমার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করিলে আমি তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব। ইহাতে আমি কোন আপত্তি করিব না, করিলেও তাহা আইনত অগ্রাহ্য হইবে।

স্বাক্ষী ঃ

১। স্বাক্ষর ঃ ........................................

পুর্ণ নাম ঃ ........................................

পিতার নাম ঃ ...................................

ঠিকানা ঃ ...........................................

........................................................

........................................................

........................................................

স্বাক্ষর ঃ .......................................

পর্ণ নাম ঃ ........................................

পিতার নাম ঃ ...................................

ঠিকানা ঃ ...........................................

........................................................

........................................................

........................................................

........................................................

স্বাক্ষর ঃ .......................................

নাম ঃ ........................................

বর্তমান ঠিকানা ঃ.......................................

...........................................................

...........................................................

স্থায়ী ঠিকানা ঃ

পিতা ঃ............................................................

গ্রাম ঃ...............................................................

ডাকঘর ঃ ..........................................................

থানা ঃ .............................................................

জেলা ঃ ............................................................

# নিশ্চয়তা প্রদানকারীর জামিননামা

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, জনাব.................................................. পিতা...................................মাতা..........................................গ্রাম............................................ উপজেলা ........................................... জেলা......................................... এর নামে.................................. বাংলাদেশ কৃষি ব্যাংক..................................... শাখা হইতে পার্সোনাল লোন(বেতনের বিপরীতে অগ্রিম) ঋণ কর্মসুচীর আওতায় টাকা ............................. (কথায় ...............................) টাকা মাত্র ঋণ মঞ্জুরী প্রদান করা হইলে উক্ত ঋণের টাকা যথাযথভাবে ব্যবহৃত হইবে এবং ঋণটি সুদে আসলে যথাসময়ে আদায় নিশ্চিত হইবে।

০২। আমি আরও নিশ্চয়তা প্রদান করিতেছি যে, উলেখিত ঋণ গ্রহীতা এই ঋণের সকল নিয়মকানুন যথাযথভাবে মানিয়া চলিবে।

০৩। আমি আরও অংগীকার করিতেছি যে, ঋণের টাকা সদ্ব্যবহার না হইলে অথবা যথাসময়ে আদায় নিশ্চিত না হইলে আমি ব্যক্তিগতভাবে ঋণটি সুদাসলে মেয়াদোত্তীর্ণের এক মাসের মধ্যে পরিশোধ করিতে বাধ্য থাকিব। অন্যথায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণটি আদায়ের ব্যাপারে আমার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করিলে আমি তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

০৪। আমি এই মর্মে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ক্ষমতা অর্পন করিতেছি যে, আমার নিশ্চয়তার বিপরীতে প্রদত্ত ঋণ আদায়ে অনিশ্চয়তা দেখা দিলে বাংলাদেশ কৃষি ব্যাংক, .......................... শাখায় পরিচালিত আমার সঞ্চয়ী হিসাব নং .......................... এ জমাকৃত আমার মাসিক বেতন হইতে ঋণের মেয়াদোত্তীর্ণ/অনাদায়ী টাকা এককালীন/কিস্তিতে কর্তন/সমন্বয় করিতে পারিবেন। ইহাতে আমি কোন আপত্তি করিব না, করিলেও তাহা আইনগত অগ্রাহ্য হইবে।

স্বাক্ষী ঃ

১। স্বাক্ষর ঃ .......................................

পুর্ণ নাম ঃ .......................................

পিতার নাম ঃ ..................................

ঠিকানা ঃ ..........................................

..................................................

..................................................

স্বাক্ষর ঃ ....................................

নাম ঃ .......................................

পদবী ঃ......................................

বর্তমান কর্মস্থল ঃ.......................................

কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি নং ঃ ...................................

স্বাক্ষর ঃ .......................................

পুর্ণ নাম ঃ .......................................

পিতার নাম ঃ ..................................

ঠিকানা ঃ ..........................................

..................................................

..................................................

..................................................

..................................................

স্থায়ী ঠিকানা ঃ

পিতা ঃ............................................................

গ্রাম ঃ..............................................................

ডাকঘর ঃ .........................................................

থানা ঃ ............................................................

জেলা ঃ ...........................................................

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
............................ শাখা
...............................

বিষয় ঃ ক্ষমতা অর্পণ পত্র।

মহোদয়,

আমার......................... তারিখের আবেদনের প্রেক্ষিতে পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম এর আওতায় আমার অনুকূলে ......................... ইং তারিখে মঞ্জুরীকৃত......................... (কথায় .............................) টাকা .................% সুদ হারে (ফ্লাটরেটে) আসল..................... টাকা, সুদ.................. টাকা, মোট ..............................(কথায়................................) টাকা ঋণ নির্ধারিত কিস্তি মোতাবেক পরিশোধের লক্ষ্যে আমি বাংলাদেশ কৃষি ব্যাংক, ................................ শাখায় পরিচালিত আমার সঞ্চয়ী হিসাব নং ............................. এর বিপরীতে যথাযথভাবে স্বাক্ষরযুক্ত অগ্রিম তারিখের ..................টি একাউন্ট পেয়ী চেক ব্যাংকে হস্তান্তর করলাম। প্রদত্ত চেকসমূহের মধ্যে পর পর দুইটি চেক ডিসঅনার হলে বা গৃহীত ঋণের পর পর ২টি কিস্তি খেলাপী হলে ব্যাংক অনাদায়ী ঋণের হালনাগাদ সুদসহ সমুদয় বকেয়া ঋণ আদায়ের জন্য আমার বিরুদ্ধে ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আমি আরও ঘোষণা করছি যে, ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংক......................... শাখায় পরিচালিত সঞ্চয়ী হিসাব নং ........................ হতে প্রতি মাসে .......................... টাকা করে আমার নিরাপত্তা ফান্ড হিসাবে সঞ্চয়ী হিসাব নং ............................... স্থানান্তর/জমা করব এবং আমার উক্ত নিরাপত্তা ফান্ড হিসাবটি গৃহীত ঋণের বিপরীতে বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকট লিয়েন থাকবে যা থেকে ব্যাংক প্রয়োজনবোধে সম্পূর্ণ বা আংশিক স্থিতি আমার ঋণ হিসাবে সমন্বয় করতে পারবে।

স্বাক্ষী ঃ
১। স্বাক্ষর ঃ .......................................
পূর্ণ নাম ঃ .......................................
পিতার নাম ঃ ...................................
ঠিকানা ঃ ..........................................
......................................................
......................................................
......................................................
......................................................

ঋণ গ্রহীতার স্বাক্ষর ঃ .......................................
পূর্ণ নাম ঃ .......................................
কর্মচারী পরিচিতি নম্বর ঃ ...................................
পিতার নাম ঃ...............................................
ঠিকানা ঃ ..........................................
......................................................
......................................................
......................................................
......................................................

স্বাক্ষী ঃ
১। স্বাক্ষর ঃ .......................................
পূর্ণ নাম ঃ .......................................
পিতার নাম ঃ ...................................
ঠিকানা ঃ ..........................................
......................................................
......................................................
......................................................
......................................................

সংযুক্তি-'চ'

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
.......................... শাখা
........................

বিষয় ঃ কিস্তি কর্তন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

মহোদয়,

জনাব মোঃ ....................................................পদবী................................ আপনার শাখা থেকে ......................... ব্যক্তিগত/পারিবারিক প্রয়োজনে.............................. টাকা ঋণের আবেদন করেছেন যা বিতরণের তারিখ থেকে মাসিক কিস্তিতে ................. বছরের মধ্যে পরিশোধযোগ্য। ঋণ গ্রহণের পর উল্লেখিত কর্মকর্তা/কর্মচারী কোন কারণে কিস্তি খেলাপ করলে আপনাদের দাবীর প্রেক্ষিতে তা পরিশোধের নিমিত্তে তার মাসিক বেতন থেকে/তার অবসরজনিত প্রাপ্যাদি থেকে কর্তন করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার নিশ্চয়তা প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
(নামসহ সীলমোহর)

সংযুক্তি-'ছ'

# অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, বাংলাদেশ কৃষি ব্যাংক.................... শাখা হইতে আমার অনুকূলে মঞ্জুরীকৃত ও বিতরিত ঋণের (ঋণ নথি নং..............................) আসল টাকা ........................... পরিশোধের ব্যাপারে ঋণ মঞ্জুরী পত্রের শর্তাবলী মানিয়া চলিব এবং যথারীতি সমুদয় কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিব। ঋণের কিস্তি (সুদাসল ও প্রযোজ্য অন্যান্য খরচাদিসহ) কোনক্রমেই খেলাপ করিব না এবং ঋণের সম্পূর্ণ টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত টাকা পরিশোধ অব্যাহত রাখিব। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, ঋণের টাকা পরিশোধে ব্যর্থতার জন্য ব্যাংক কর্তৃক আইন ও বিধি মোতাবেক আমার এবং আমার আইনগত উত্তরাধিকার এর বিরুদ্ধে যে কোন নির্দেশ বা ব্যবস্থা গ্রহণ করিলে উহা মানিতে বাধ্য থাকিব/থাকিবে এবং ইহাতে আমার কোন আপত্তি থাকিবে না। ঋণের সমুদয় টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত অপরিশোধিত টাকার ব্যাপারে কোন ওজর আপত্তি, কারণ দর্শাও, প্রতিবাদ ইত্যাদি গ্রাহ্য হইবে না। ঋণ আদায়ের জন্য ব্যাংক প্রচলিত আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা নিলে উহা মানিয়া নিতে বাধ্য থাকিব। আমার ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, চাকুরী, কর্ম, প্রাতিষ্ঠানিক বা অন্য যে কোন সমস্যা বা প্রয়োজন বা জটিলতার কারণে ঋণের কিস্তি পরিশোধ বিলম্বিত, স্থগিত বা বন্ধ রাখিব না। আমি আরোও অঙ্গীকার করিতেছি যে, ঋণের আবেদন পত্র ও অন্যান্য কাগজপত্রাদিতে উল্লেখিত তথ্য সত্য ও সঠিক এবং আবেদন পত্রে উল্লেখিত আমার বর্তমান, স্থায়ী ও কর্মস্থলের ঠিকানা/ঠিকানাসমূহের পরিবর্তন হইলে পরবর্তিত পুর্ণাঙ্গ ঠিকানা বিস্তারিতভাবে ব্যাংকে অবহিত করিব। এ ক্ষেত্রে ব্যর্থতার জন্য ব্যাংক/আদালত বা যে কোন প্রতিষ্ঠান কর্তৃক আমার বরাবরে পূর্ববর্তী ঠিকানা/ঠিকানাসমূহে যে কোন চিঠি নোটিশ বা আদেশ প্রেরণ করিলে (সাধারণ ডাক, রেজিষ্টার্ড ডাক বা অন্য যে কোন উপায়ে) আমার বরাবরে বা আমার উদ্দেশ্যে প্রেরিত, প্রাপ্ত এবং কার্যকর হইয়াছে বলিয়া মানিয়া নিব। ঋণ প্রক্রিয়া, মূল্যায়ন, বিতরণ, পর্যবেক্ষণ ও আদায়ের স্বার্থে আমার সামাজিক অবস্থা, আর্থিক, প্রাতিষ্ঠানিক, চাকুরী, পেশা সংক্রান্ত যে কোন তথ্যাদি চাহিবামাত্র সরবরাহ করিব। এইসব তথ্যাদি ব্যাংক অথবা ব্যাংকের প্রতিনিধি যে কোন উপায়ে (প্রকাশে বা গোপনে) সংগ্রহ ও মূল্যায়নের অধিকার প্রদান করিলাম এবং এই ব্যাপারে আমার কোন আপত্তি নাই এবং ভবিষ্যতেও কোন আপত্তি থাকিবে না।

অদ্য ...........................ইং তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক......................... শাখায় উপস্থিত হইয়া স্বেচ্ছায়, স্বজ্ঞানে ও সুস্থ মস্তিস্কে আমি এই অঙ্গীকারনামায় স্বাক্ষর প্রদান করিলাম।

স্বাক্ষর ঃ

নাম ঃ

পিতার নাম ঃ

অফিসিয়াল ঠিকানা ঃ

সংযুক্তি-'জ'

## নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হতে কারণ দর্শানো, অভিযোগ, শৃঙ্খলাজনিত মামলা প্রক্রিয়াধীন নেই মর্মে অনাপত্তি পত্র

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব.......................................................................... পিতা/স্বামী.................................................................................................................. পদবী ..................................কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি নম্বর .......................... কর্মস্থলের নাম ও ঠিকানা ...................................................................... তার নামে অত্র প্রতিষ্ঠানে কোন কারন দর্শানো, অভিযোগ, শৃঙ্খলাজনিত মামলা বর্তমানে প্রক্রিয়াধীন নেই মর্মে অনাপত্তি পত্র দেয়া হল।

বেতন প্রদানকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম

সীলমোহর

তারিখ

সংযুক্তি- 'ঝ'

## এমপ্লয়ার্স/বেতন মঞ্জুরীকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব ..................................................................... পিতা/স্বামী..................................................... পদবী ..................................................... কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি নম্বর ........................ কর্মস্থলের নাম.............................................. ঠিকানা ........................................................................................................................ তিনি ...........বৎসর যাবৎ.......................হিসাবে কর্মরত আছেন। তাহার জন্ম তারিখ .......................... এবং পিআরএল শুরু হওয়ার তারিখ ......................। তাঁহার বর্তমান মাসিক মূল বেতন .......................... টাকা, সর্বমোট বেতন ....................... টাকা এবং সমস্ত কর্তন বাদে তিনি প্রতি মাসে নীট বেতন ................. টাকা গ্রহণ করেন। পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম এর আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক................. শাখা হইতে তাঁহার ঋণ গ্রহণের ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের কোন আপত্তি নাই। ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক তাঁকে ঋণ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

বেতন প্রদানকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম
সীলমোহর
তারিখ ঃ

# DEED OF PERSONAL GUARANTEE

This Deed of Guarantee executed this the ............. day of ............ by -------------- -----------------------, S/o- ------------------------------------, Director, ------------------------------ ---------------------------------------------------------------------------------------------------------------- -------------------- hereinafter referred to as the Guarantee which expression shall include their hairs successors, legal representatives and as signs in favor of the Bangladesh Krishi Bank Establishment under the BKB order No.27 of 1973 having its head offices at 83-85, Motijheel C/A, Dhaka.

Whereas the Bangladesh Krishi Bank agreed to make an advance (for -------- Trading) not exceeding Tk.------------- (Tk. ----------) only as a loan of ----------------------------------

A N D

Whereas the said --------------------., having no sufficient securities to mortgage to BKB for the said loan money to be advance by the Bank the said guarantee agree to stand as personal sureties for the said loan money together with cost, charges, and expenses. This guarantee, therefore, witnessed as follows:-

1. That the guarantor hereby agree and consent with the BKB to stand as surely and mortgage personal properties for the entire sum of Tk.----------------- (Tk. -------------) only advance (for --------------) by BKB to said.................................. together with interests, costs, charges and expenses incurred thereon.

2. That this guarantee shall be irrevocable and shall be a continuing guarantee binding upon the said guarantee till full payments has been made to the Banks overdue together with interests, costs, and charges etc. the said loan advance to -------------------------------.

*Contd. P/2*

3. That the said guarantor shall be personal liable for the entire loan money advance to ----------------------------------------------., together with interests cost charge and expenses although the guarantors are only members of the said company/Enterprises.

4. That in case of failure of ---------------------------------., to repay the entire dues of the BKB on account he said of Tk.------------------ (Tk. ----------------------) only (for --------------) together with interests, costs and expenses etc. in the due time guarantor shall repay the said dues of the Bank without any expenses whatsoever in this respects.

5. Notwithstanding that as between the said guarantors and ... ...... ... ...... ...... .... ...... ...... .......................................... the guarantors herein are only sureties yet as between that said guarantor and the BKB, the guarantor shall be as treated as the principal debtor for all principal money, interest, cost charges and expenses. Hereby guaranteed and the guarantors not be released from their personal liabilities by time be being given to aid, company/Enterprises or by any other variation of the provision contained in any sanction letter or by anything by reasons of which but for those provisions the guarantor would be sureties only have been released or discharged.

*Contd. P/3*

That the guarantor who are also the properties of ........................., agrees and covenants with the bank that fulfill and final satisfaction of entire due of the Bank Bangladesh Krishi Bank. to...................... all the properties moveable and immoveable being the said guarantors within territory of Bangladesh either in their own name or in the names of this dependent including his wife and children.

Witnesses :

Name :
Fathers Name :
Address :

সংযুক্তি-'ঠ'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখার নাম ......................

তারিখ ঃ (সংশ্লিষ্ট মাসের সর্বশেষ তারিখ)

অঞ্চলের নাম ঃ
বিভাগীয় কার্যালয়ের নাম ঃ

## ছক

## Personal Loan এর মাসিক বিবরণী প্রেরণ ।

(লক্ষ টাকার অংকে)

| ক্রঃ নং | ঋণ গ্রহীতার নাম | মঞ্জুরীর তারিখ | মঞ্জুরীর পরিমান | বিতরণের তারিখ | বিতরণের পরিমান | | আদায়যোগ্য ঋণের পরিমান | | আদায়কৃত ঋণের পরিমান | | অনাদায়ী ঋণের পরিমান | | শ্রেণীবিন্যাসের ধরণ (নিয়মিত/এসএমএ/এসএস/ডিএফ/বিএল) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

প্রস্তুতকারকের স্বাক্ষর

২য় কর্মকর্তার স্বাক্ষর

ব্যবস্থাপকের স্বাক্ষর

সংযুক্তি-'ট'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখার নাম ........................

বিষয় ঃ Personal Loan (বেতনের বিপরীতে অগ্রিম) বিতরণকৃত ঋণের তালিকা ............................. তারিখ ভিত্তিক

(লক্ষ টাকার অংকে)

| ক্রঃ নং | ঋণ গ্রহীতার নাম | পিতার নাম/স্বামীর নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | ঋণ বিতরণ | | মোট কিস্তির সংখ্যা | আদায়যোগ্য কিস্তির সংখ্যা | আদায়কৃত কিস্তির সংখ্যা | অনাদায়ী ঋণের স্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পদবী<br>কর্মস্থল<br>মোবাইল নম্বর | গ্রাম<br>উপজেলা<br>জেলা | তারিখ | পরিমান | | | | সংখ্যা | পরিমান | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

প্রস্তুতকারকের স্বাক্ষর

২য় কর্মকর্তার স্বাক্ষর

ব্যবস্থাপকের স্বাক্ষর